১৭

দৈনিক সংবাদ

তারিখ 2-1 APR 1996
পৃষ্ঠা ? কলাম ৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়

# জাতীয় শিক্ষা সপ্তাহ ১৯৯৬

অনিবার্য কারণবশত স্থগিত জাতীয় শিক্ষা সপ্তাহ, ১৯৯৬-এর নতুন কর্মসূচীর সময়সূচী ঃ

প্রতিষ্ঠান পর্যায়ের অনুষ্ঠান ঃ ০৭-০৯ই, মে, ১৯৯৬
থানা পর্যায়ের অনুষ্ঠান ঃ ১২-১৪ই, মে, ১৯৯৬
জেলা পর্যায়ের অনুষ্ঠান ঃ ১৮-২০শে, মে, ১৯৯৬
বিভাগীয় পর্যায়ের অনুষ্ঠান ঃ ২৫-২৭শে, মে, ১৯৯৬
জাতীয় পর্যায়ের অনুষ্ঠান ঃ ০৮-১০ই, জুন, ১৯৯৬

**ছাত্র-ছাত্রীদের প্রতিযোগিতার বিষয় ঃ**

১। কেরাত ২। হামদ-নাত ৩। রচনা প্রতিযোগিতা বিষয় ঃ নারী শিক্ষার উন্নয়ন (৩০ মিঃ) ৪। বাংলা কবিতা আবৃত্তি (স্বনির্বাচিত) ৫। উপস্থিত বক্তৃতা ৬। নির্ধারিত বক্তৃতা (বিষয় ঃ নারী শিক্ষার উন্নয়ন) ৭। দেশাত্মবোধক গান ৮। রবীন্দ্র সংগীত ৯। নজরুল সংগীত ১০। লোকগীতি ১১। উচ্চাংগ সংগীত ১২। তাৎক্ষণিক অভিনয় ১৩। আধুনিক নৃত্য ১৪। লোক নৃত্য।

**প্রতিযোগিতার গ্রুপ ঃ**
**ক গ্রুপ ঃ ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণী**
**খ গ্রুপ ঃ ৯ম ও ১০ম শ্রেণী**
**গ গ্রুপ ঃ একাদশ থেকে তদূর্ধ্ব শ্রেণী (কলেজ পর্যায়)**

শিক্ষা সপ্তাহ '৯৬ উপলক্ষে থানা নির্বাহী অফিসারকে প্রধান করে থানা কমিটি, জেলা প্রশাসককে প্রধান করে জেলা কমিটি এবং বিভাগীয় কমিশনারকে প্রধান করে বিভাগীয় কমিটি গঠন করা হয়েছে।

**শিক্ষা সম্মেলন ঃ**

থানা পর্যায় থেকে জাতীয় পর্যায় পর্যন্ত শিক্ষা সম্মেলনের আয়োজন করতে হবে। শুধুমাত্র থানা পর্যায়ে শিক্ষা মেলা অনুষ্ঠিত হবে। এ জন্য বাড়তি বরাদ্দ দেয়া হয়েছে। শিক্ষা সম্মেলনের আলোচ্য বিষয়বস্তু হবে 'নারীশিক্ষারউন্নয়ন'।

**শ্রেষ্ঠ শিক্ষক ও শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন ঃ**

শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রণীত নীতিমালা অনুসরণে দেশব্যাপী মাধ্যমিক স্কুল, কলেজ ও মাদ্রাসা পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান থেকে শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান ও শ্রেষ্ঠ শিক্ষক শিক্ষিকা নির্বাচন করা হবে। নতুন সময়সূচী অনুযায়ী আগামী ০৯-০৫-৯৬ইং এর মধ্যে থানা নির্বাহী কর্মকর্তার নিকট শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচনের জন্য সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় তথ্য ও প্রতি শিক্ষা প্রতিষ্ঠান থেকে একজন শ্রেষ্ঠ শিক্ষকের নাম জীবনবৃত্তান্তসহ প্রেরণের অনুরোধ করা যাচ্ছে।

**পুরস্কার বিতরণ ঃ**

জাতীয় পর্যায়ের চূড়ান্ত নির্বাচনের পর শ্রেষ্ঠ ছাত্র-ছাত্রী, শিক্ষক-শিক্ষিকা ও শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে পুরস্কৃত করা হবে।

আবদুল কাদের
সিনিয়র সহকারী সচিব
শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশসরকার।

ডিএফপি-৮৩১৯/১৬-৪
সি-১২৪৬